



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”




“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস বিজ্ঞপ্তি

১৫ জুন ২০২৩

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের যশোর আঞ্চলিক কেন্দ্রের বার্ষিক কর্মপরিকল্পনার অংশ হিসেবে “৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয়, প্রেক্ষিত : উন্মুক্ত শিক্ষার বাস্তবায়ন ও প্রসার” শীর্ষক এক অনলাইন (জুম) কর্মশালা ১৪ জুন ২০২৩ বুধবার সন্ধ্যা ৭.৩০ টায় অনুষ্ঠিত হয়। কর্মশালার প্রধান অতিথি বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সুস্থ জাতি গঠনের উপর গুরুত্বারোপ করেন। তিনি শিক্ষা কারিকুলাম যুগপোষ্যোগী করণের তাগিদ দেন। বিশেষ অতিথি প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় সকলকে যুগের সাথে তাল মিলিয়ে প্রযুক্তিগত জ্ঞান অর্জনের পরামর্শ দেন। বাউবি ইনোভেশন টিমের সভাপতি এবং ট্রেজারার ও স্কুল অব বিজনেসের ডীন অধ্যাপক মোস্তাফা আজাদ কামাল নতুন নতুন জ্ঞান অর্জনের মাধ্যমে শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা করে স্মার্ট বাংলাদেশ গড়ার আহবান জানান।



কর্মশালায় মূখ্য আলোচক হিসেবে বিষয়ের ওপর বিশ্লেষণধর্মী আলোকপাত করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রামের কনসালটেন্ট, উপসচিব আবু সালেহ মোঃ মাহফুজুল আলম। যশোর আঞ্চলিক কেন্দ্রের আঞ্চলিক পরিচালক বিষুপদ ভৌমিক এর সভাপতিতে কর্মশালায় বাউবির বিভিন্ন স্কুলের ডীন, শিক্ষক, বিভিন্ন বিভাগের পরিচালকগণ, আঞ্চলিক কেন্দ্রের পরিচালকগণ, উপ-আঞ্চলিক কেন্দ্রের প্রধানগণ, বিভিন্ন স্তরের কর্মকর্তাগণ, স্টাডি সেন্টারের সমন্বয়কারী ও টিউটরগণ সংযুক্ত ছিলেন।

স্বাক্ষর

(ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)